# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 MAY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) পঞ্চায়েত নির্বাচনের দ্বিতীয় তথা অন্তিম পর্যায়ের ভোটগ্রহণের জন্যে প্রচার অভিযান আজ বিকেল চারটায় সমাপ্ত/

(২) শিক্ষকদের বদলির জন্য অনলাইন আবেদনের সময়সীমা আগামী বিশে মে’ পর্যন্ত বৃদ্ধি/

(৩) উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং বিষয় শিক্ষক সহ মোট দশজনকে চাকরি থেকে বরখাস্ত/

এবং

(৪) আসামে বিভিন্ন উন্নয়নমূলক কাজে বিনিয়োগের বিষয়ে আগ্রহ প্রকাশ করে জাপানের উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলটির আজ রাজ্য থেকে প্রত্যাবর্তন/

---------------------------------------------------------------------------------

পঞ্চায়েত নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ের নির্বাচনী প্রচারের আজ বিকেলে সমাপ্তি হয়েছে । দ্বিতীয় পর্যায়ে আগামী বুধবার ধুবরী ,দক্ষিণ শালমারা -মানকাচর ,গোয়ালপারা ,বঙ্গাইগাঁও ,বরপেটা ,বজালী ,নলবারী ,কামরূপ ,কামরূপ মহানগর , হোজাই , নগাঁও ,মরিগাঁও এবং দরং জেলায় নির্বাচন অনুষ্ঠিত হবে । এই পর্যায়ে ৯১ লক্ষ ৩১ হাজার ১২৭ জন ভোটদাতা ২৯ হাজার ৬০৮ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন । দ্বিতীয় পর্যায়ের নির্বাচন শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য আজ রাজ্য নির্বাচন কমিশনার ভিডিও কনফারেন্সিং ব্যাবস্থার মাধ্যমে গৃহ্‌ বিভাগের পুলিশ সঞ্চালক প্রধান , গৌহাটী মহানগরীর পুলিশ কমিশনার সহ সংশ্লিষ্ট জেলার আয়ুক্তদের সঙ্গে আলোচনায়

মিলিত হন ।    এদিকে প্রচার অভিযানের আজ শেষ দিনে বিভিন্ন রাজনৈতিক দল ভোটদাতাদের আকর্ষিত করার চেষ্টা চালান । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ বেশকয়েকটি নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করে মিত্রজোটের প্রার্থীর হয়ে প্রচার চালানো সহ  প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বরা ,সাংসদ প্রদ্যুত বরদলৈ , রকিবুল হুসেন ,গৌরব গগৈ বিধানসভার বিরোধী দলপতি দেবব্রত শইকিয়াও বেশকয়েকটি প্রচার সভায় অংশগ্রহণ করেন ।

এদিকে আগামী বুধবার অনুষ্ঠেয় নির্বাচনের জন্য জেলাপ্রশাসনগুলির প্রস্তুতি সম্পূর্ন হয়েছে  । নির্বাচনের সময়ে যাতে কোনোধরণের অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি না হয় তার জন্য বেশকয়েকটি জেলায় কড়া নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী ১১ই মে পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনার প্রস্তুতি গ্রহন করা হচ্ছে । ইতিমধ্যে পঞ্চায়েত নির্বাচনের স্ট্রং রুম এস এস কলেজে স্থাপন করা হয়েছে । জেলায় পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করা প্রার্থীরা আজ তাদের কাউন্টিং এজেন্টদের নাম জেলা প্রশাসনের কাছে জমা দিয়েছেন । এই এজেন্টদের চূড়ান্ত তালিকা পুলিশ ভেরিফিকেশনের পর প্রকাশ করা হবে ।

এদিকে হাইলাকান্দি জেলার ৬শ ৮৯টি ভোট গ্রহন কেন্দ্রে এবার ৭৩ দশমিক ৭-৪ শতাংশ ভোট পড়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ দেশের প্রাক্তন রাষ্ট্রপতি জ্ঞানী জৈল সিংয়ের ১০৯ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেছেন । নতুন দিল্লীর রাষ্ট্রপতি ভবনে এ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি শ্রীমতি মূর্মূ প্রাক্তন রাষ্ট্রপতির প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন । উল্লেখ্য ১৯১৬ সালে আজকের দিনে পাঞ্জাবের ফরিদকোট জেলায় জন্মগ্রহণ করা জ্ঞানী জৈল সিং ১৯৮২ সাল থেকে ১৯৮৭ সাল পর্যন্ত দেশের সপ্তম রাষ্ট্রপতি হিসেবে কার্যনির্বাহ করেছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ শিক্ষকদের বদলির জন্য অন লাইনে আবেদনের সময়সীমা ২০ মে পর্য্যন্ত বৃদ্ধি করেছে । এ সম্পর্কে বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব নারায়ন কোঁয়রের জারী করা নির্দেশ অনুসারে প্রাথমিক , মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় এবং সমগ্র শিক্ষার অধীনে শিক্ষকরা একক বা পারস্পরিক বদলির জন্য www.HRMSASSAM.IN পোর্টালের মাধ্যমে ২০ মে-র মধ্যরাত পর্যন্ত

আবেদন করা যাবে । এ ক্ষেত্রে কোন ধরনের অফ লাইন আবেদন গ্রহন করা হবে না বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার প্রশ্নপত্রে ফাঁসের ঘটনা সম্পর্কে আসাম সরকারের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ে রাজ্যের ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৯ জন অধ্যক্ষ ,ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং একজন বিষয় শিক্ষককে চাকুরী থেকে বরখাস্ত করেছে । মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় প্রশ্নপত্র ফাঁসের ঘটনাকে নিয়ে এই শিক্ষকদের প্রতি কারণ দর্শানোর নোটিশ জারী করেছিলো এবং এক্ষেত্রে সন্তোষজনক উত্তর না পাবার জন্য তাঁদের চাকুরী থেকে বরখাস্ত করা হয় । সে অনুসারে শোণিতপুরের নারেংকাটি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , নগাঁওয়ের পি এম শ্রী কাঠিয়াতলী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ,মাজুলীর কমলাবারী সত্র উচচতর মাধ্যমিক বিদ্যালয় , ধুবরীর লক্ষীগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ , ধেমাজীর বরদলনী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , ধেমাজীর দুলিমের উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , ধেমাজী গার্লস সিনিয়র সেকেন্ডারী স্কুল , পশ্চিম জোনাই সিনিয়র সেকেন্ডারী স্কুল ,রঙ্গিয়া গার্লস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং গোয়ালপারার বগুয়ান উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের বিষয় শিক্ষককে বরখাস্ত করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

জাপানের নিম্ন সদন- হাউস অব রিপ্রেজেন্টিটিভ্স’এর অধ্যক্ষ নুকাগা ফুকুশির’এর নেতৃত্বে সেদেশের উচ্চপর্যায়ের প্রতিনিধি দলটি আজ তিনদিনের ভ্রমণ শেষ করে আসাম থেকে ফিরে গেছেন । রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী নন্দিতা গারলোসা সহ রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকরা বরঝাড়ের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে তাদের আনুষ্ঠানিকভাবে বিদায় জানান । দলটি গতকাল জাগীরোডের সেমি-কন্ডাক্টর প্রকল্প পরিদর্শন করেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, মন্ত্রী পীযূষ হাজারিকা ও বিমল বরার উপস্থিতিতে দলটি এই প্রকল্পের বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেয়। শ্রী ফুকিশি’র নেতৃত্বে জাপানের প্রতিনিধি দলটি এই প্রকল্প পরিদর্শন করে উৎসাহ প্রদর্শন করেছে । তারা আসাম সরকার এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে একযোগে কাজ করে যাওয়ার বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে । দলটির এই ভ্রমণ সম্পর্কে মুখ্যমন্ত্রী রাজ্যে এধরণের বিদেশী প্রতিনিধিদের ঘন ঘন আগমনের বিষয়টি শুভ লক্ষণ বলে মন্তব্য করেছেন ।

এর আগে জাপানের দলটি আই আই টি-গুয়াহাটির আমিনগাঁওয়ে থাকা আশিয়ান ওয়ান টেকনিক্যাল ডেভেলপমেন্ট সেন্টার পরিদর্শন করে । তারা জাপান সরকারের

উদ্যোগে শীঘ্রই যুবক-যুবতীদের জাপানী ভাষা সহ বিভিন্ন কারিগরি বিষয়ে প্রশিক্ষণের সুবিধা প্রদানের ব্যবস্থা করবে বলে জানায় । এছাড়া পরিকাঠামো, নির্মাণ, শিক্ষা, অর্থনীতি ও রাজনৈতিক ক্ষেত্রে উভয় দেশ সহযোগিতার  মাধ্যমে কাজ করবে বলে তিনি উল্লেখ করেছেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের সোশ্যাল ওয়ার্ক বিভাগের জনৈক সহযোগী অধ্যাপকের বিরুদ্ধে যৌন নির্যাতন ও কর্তৃত্বের অপব্যবহারের অভিযোগে তাকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করে ঐ অধ্যাপকের গ্রেপ্তারের  দাবিতে গতরাত থেকে শুরু হওয়া ছাত্রছাত্রীদের বিক্ষোভ কার্যসূচী আজও অব্যাহত রয়েছে । তারা সংশ্লিষ্ট অধ্যাপকের শীঘ্র শাস্তি প্রদান করা না হলে ক্লাস বয়কট ও প্রতিবাদ কার্যসূচী অব্যাহত থাকবে বলে আমাদের শিলচরের সংবাদদাতাকে জানিয়েছে । আজ বিক্ষোভ চলাকালীন বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক প্রদোষ কিরণ নাথ প্রতিবাদকারীদের আশ্বস্ত করতে এসে বলেন- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টির তদন্ত আইনী এবং প্রাতিষ্ঠানিক পদ্ধতি অনুসারে এগিয়ে নিয়ে যাবে ।

বাইট

---

তবে এপর্যন্ত অভিযুক্ত অধ্যাপকের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করা না হওয়ার পরিপ্রেক্ষিতে ছাত্রছাত্রীরা তাদের প্রতিবাদ কার্যসূচী অব্যাহত রেখেছে ।

-----------------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের দক্ষিন শ্রীভূমি টেরিটরিয়াল সড়ক ডিভিশন শাখার সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে নিলামবাজার রতনপুর বুরিবন্দ সড়কে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে বুরিবন্দ সড়কের ১২০ মিটার অংশে লঙ্গাই নদীর ভাঙ্গনের ফলে সড়কের ওই অংশ ক্ষতিগ্রস্ত হওয়ায় সব ধরনের যান চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । এই পরিস্থিতিতে রতনপুর থেকে বুরিবন্দ পর্য্যন্ত যান বাহন সুষ্টভাবে চলাচলের জন্য বিকল্প সড়ক ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল ত্রিপুরার আগরতলা এবং পাঞ্জাবের সানেহ ওয়ালের মধ্যে একটি কার্গো এক্সপ্রেস ট্রেন পরিষেবা চালু করেছে । উল্লেখ্য এই কার্গো ট্রেন পরিষেবা চালু করার লক্ষ্য হচ্ছে আগরতলা থেকে  রাবার এবং আনারসকে বৃহত্তর বাজারে সহজ

পরিবহনের মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তে পৌছে দেওয়া । মাসে দু বার  এই ট্রেন পরিষেবা চালানোর সিদ্ধান্ত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর অনন্তের সহযোগীতায় আগামী ৭ই মে কাঠাল এলাকার প্রথম গেইট জায়ফরপুরের ৬ নম্বর এ পি বি এন এম ই স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------